

জনাব জনেন্দ্র নাথ সরকার ৪ জানুয়ারি, ২০২৩ তারিখ (বুধবার) বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর চেয়ারম্যান পদে যোগদান করেছেন। তিনি নওগাঁ জেলার আত্রাই উপজেলার শাহাগোলা গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম বিষ্ণুপদ সরকার। তিনি ১৯৮৬ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন নাটোর এন এস সরকারী কলেজ থেকে প্রথম বিভাগে প্রথম স্থান অর্জন করে বি.এসসি ডিগ্রি লাভ করেন এবং ১৯৮৮ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তিবিদ্যা বিভাগ থেকে প্রথম শ্রেণিতে দ্বিতীয় স্থান অর্জন করে এম.এসসি ডিগ্রি লাভ করেন। তিনি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এমবিএ এবং জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে এলএলবি ডিগ্রি অর্জন করেন। বর্তমানে তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে খন্ডকালীন পিএইচডি গবেষণা করছেন।

জনাব জনেন্দ্র নাথ সরকার বিসিএস (প্রশাসন) ক্যাডারের একাদশ ব্যাচের একজন কর্মকর্তা। তিনি সহকারি কমিশনার (প্রবেশনার) হিসেবে নড়াইল জেলা প্রশাসকের কার্যালয়ে ১৯৯৩ সালে যোগদান করেন। পরবর্তীতে সহকারি কমিশনার (ভূমি) হিসেবে কালিগঞ্জ, লালমনিরহাট এবং শাহজাদপুর, সিরাজগঞ্জে কর্মরত ছিলেন। তিনি কালেক্টরেটের বিভিন্ন পদে এবং প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে জয়পুরহাট ও ঠাকুরগাঁও জেলায় এবং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট হিসেবে রাজশাহীতে দায়িত্ব পালন করেন। উপজেলা নির্বাহী অফিসার হিসেবে তিনি গোয়াইনঘাট, সিলেট ও মোহনপুর, রাজশাহীতে দায়িত্ব পালন করেন। তিনি কিছুদিন বগুড়া জোনাল সেটেলমেন্টে চার্জ অফিসার হিসেবে কর্মরত ছিলেন। তিনি অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে মেহেরপুর ও যশোর জেলায় দায়িত্ব পালন করেন এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা হিসেবে কর্মরত ছিলেন। তিনি উপ-সচিব ও যুগ্মসচিব হিসেবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে দায়িত্ব পালন করেন। তিনি অতিরিক্ত সচিব হিসেবে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে এবং শিল্প মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেছেন। তিনি ভূমি আইন, চাকরি বিধিমালা, শৃঙ্খলা আপিল বিধি এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর ক্ষমতা ও কার্যাবলী বিষয়ক একাধিক গ্রন্থের লেখক। তিনি একাধিক প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অতিথি বক্তা হিসেবে অংশগ্রহণ করেন।

তিনি সরকারি কাজে এবং প্রশিক্ষণ গ্রহণের জন্য অস্ট্রেলিয়া, ফিজি, জাপান, সিঙ্গাপুর, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, চীন, ভারত, শ্রীলংকা, রাশিয়া, জার্মানি, ইতালি, কাতার, সুইজারল্যান্ড, বেলজিয়াম, কানাডা ও যুক্তরাজ্য ভ্রমণ করেন।